# মাসি-পিসি

–মানিক বন্দ্যোপাধ্যায়

## উদ্দেশ্য/শিখনফল

গল্পটি পড়ার পর শিক্ষার্থী–

ক. ১৯৪৩-এর দুর্ভিক্ষের দিনগুলো কী ভয়াবহ ছিল, তার বর্ণনা দিতে পারবে।
খ. মাসি-পিসির সংগ্রামী জীবনের তাৎপর্য উপলব্ধি ও ব্যাখ্যা করতে পারবে।
গ. গল্পকারের অন্যান্য গল্প ও সাহিত্যকর্ম সম্পর্কে আগ্রহী হবে।
ঘ. গল্পকার সম্পর্কে মূল্যায়ন করতে পারবে।

## পাঠ - ০১

**লেখক-পরিচিতি**

০১. জন্ম : ১৯ মে, ১৯০৮।
০২. জন্মস্থান : দুমকা, বিহার।
০৩. তিনি মার্কসবাদী লেখক বা বিজ্ঞানমনস্ক লেখক হিসেবে পরিচিত।
০৪. তাঁর রচিত প্রথম ছোটগল্প 'অতসীমামী'। বিখ্যাত ছোটগল্প 'প্রাগৈতিহাসিক'।
০৫. তাঁর শ্রেষ্ঠ্য উপন্যাস পদ্মানদীর মাঝি, পুতুলনাচের ইতিকথা ।
০৬. মৃত্যু : ১৯৫৬।

**পাঠ-পরিচিতি**

**উৎস:** গল্পটি প্রথম 'পূর্বাশা' পত্রিকায় (মার্চ-এপ্রিল ১৯৪৬) প্রকাশিত হয়। পরে এটি 'পরিস্থিতি' গল্পগ্রন্থে সংকলিত হয়। বর্তমান পাঠ গ্রহণ করা হয়েছে 'ঐতিহ্য' প্রকাশিত মানিক-রচনাবলি পঞ্চম খণ্ড থেকে।

**শ্রেণি (Type) :** 'মাসি-পিসি' বাল্যবিবাহ ও নারী নির্যাতন তথা সামাজিক সমস্যামূলক গল্প।

**বিষয় (**Content**):** 'মাসি-পিসি' দুই নিঃস্ব প্রৌঢ় বিধাব নারীর সংগ্রামী জীবনের গল্প। তাদের সংগ্রামের দুটি স্তর– একদিকে তারা জীবন ও জীবিকার সংগ্রামে ব্যস্ত, অন্যদিকে পিতৃ-মাতৃহীন বালিকাবধূ আল্লাদিকে রক্ষার জন্য তাদের সংগ্রাম। এসব মিলে মাসি-পিসি সংগ্রামী চেতনায় ভাস্বর।

**মূলপাঠ: সংকেত**

**ক.** খালপাড়ের ঘটনা,
**খ.** দুর্ভিক্ষ-১৯৪৩-এর খণ্ডচিত্র,
**গ.** একরাত্রির ঘটনা।

**প্রধান ও অপ্রধান চরিত্রসমূহ**

- মাসি-পিসি, আল্লাদি (বালিকাবধূ), জগু (আল্লাদির স্বামী), কৈলাস (দিনমজুর), রহমান (দিনমজুর) ।
- গোকুলবাবু (গ্রামের মোড়ল), কানাই চৌকিদার, পেয়াদা (৩টা), গুন্ডা (৩/৪টা), দারোগাবাবু, পুলিশ (১টা)

**শব্দার্থ ও টীকা**

**শব্দার্থঃ**

সালতি– শালকাঠ নির্মিত বা তালকাঠের সরু ডোঙা বা নৌকা।

খপর– খবর > খপর। এটি আঞ্চলিক কথ্য ভাষার শব্দ।

মেয়া– মেয়ে > মেয়া।

সোমত্ত– সমর্থ > সোমত্ত।

কাটারি– কাটবার দেশীয় অস্ত্রবিশেষ।

**টীকাঃ**

ক. 'বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো।'

খ. 'মাসি-পিসিকে পাগল করে তুলেছে গোকুল।'

গ. 'যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।'

**পাঠোত্তর মূল্যায়ন**

বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)